

জাবি উপাচার্য ফের অবরুদ্ধ চিরকুটে হত্যার হুমকি

■ জাবি সংবাদদাতা।
আন্দোলনরত শিক্ষক-শিক্ষার্থী কর্মকর্তা-কর্মচারী ঐক্য ফোরাম' সোমবার রাতে আবারও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আনোয়ার হোসেনকে অবরুদ্ধ করেছে। এদিকে উপাচার্যের বাসভবনের সামনে থেকে ডাক্তারী ককটেল ও ভেতর থেকে কাফনের কাপড় উদ্ধার করেছে পুলিশ। এ সময় কাফনের কাপড়ের সঙ্গে একটি চিরকুটও পাওয়া যায়। উপাচার্য ক্যাম্পাসে ফিরলে তাকে হত্যা করা হবে বলে চিরকুটে উল্লেখ আছে। এ ঘটনায় আওলিয়া থানায় জিডি করা হয়েছে।

গতকাল সোমবার সকাল সাড়ে ৯টার দিকে গাড়ি পরিষ্কার করার সময় এক কর্মচারী ভবনের সামনে নাল টেপ মোড়ানো ককটেলসদৃশ একটি বস্তু দেখতে পান। পরে পুলিশকে খবর দিলে সাতার সার্কেলের এএসপি রাসেল শেখ ও আওলিয়া থানার ওপি শেখ বদরুল আলমের নেতৃত্বে পুলিশের একটি দল ঘটনাস্থলে এসে তা উদ্ধার করে। পরে বিশ্ববিদ্যালয় প্রশাসনের উপস্থিতিতে পুলিশ ফাঁকা হুনে ককটেলটির বিস্ফোরণ ঘটায়। আতঙ্ক সৃষ্টির জন্য ককটেলটি রাখা হতে পারে বলে পুলিশ ধারণা করছে। প্রচীর অধ্যাপক মোহা. মুজিবুর রহমান বলেন, এ ঘটনায় ভিসির বাসভবনে নিরাপত্তা জোরদার করা হয়েছে।

রোববার সন্ধ্যা ৬টা ৩৩ মিনিটে ০১৭৮৬৩২১২৫১ নম্বর থেকে ভিসির ব্যক্তিগত মোবাইল ফোনে এসএমএসের মাধ্যমে হত্যার হুমকি দেওয়া হয়। বলা হয়, 'তুই ক্যাম্পাসে এলেই ডেকে হত্যা করা হবে। তোর বাসায় কাফনের কাপড় পাঠিয়ে দিলাম।

এর আগে ৭ নভেম্বর রাত সাড়ে ৯টার দিকে একই নম্বর থেকে ভিসির মোবাইল ফোনে অপাসীন ভাষায়

তাকে ও তার স্ত্রীকে ধোমা ঘেরে উড়িয়ে দেওয়ার হুমকি দেওয়া হয়।

উপাচার্য অধ্যাপক মো. আনোয়ার হোসেন অসুস্থতার কারণে ছুটি কাটিয়ে গতকাল ক্যাম্পাসে ফিরেছেন।

আন্দোলনরত শিক্ষক সমিতির সভাপতিকে হত্যার হুমকি উপাচার্য অধ্যাপক আনোয়ার হোসেনকে হত্যার হুমকি দেওয়ার পর পাল্টা আন্দোলনরত শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক অজিত কুমার মল্লমদারকে হত্যার হুমকি দিয়েছে অজ্ঞাত পরিচয়ের এক ব্যক্তি। গত রোববার রাতে মোবাইল ফোনে ০১৭৪৪৭৭৩০৭৯ নম্বর থেকে এসএমএসের মাধ্যমে এ হত্যার হুমকি দেওয়া হয় বলে তিনি জানান।

উপাচার্য অবরুদ্ধ, উপ-উপাচার্যরা মুক্ত আন্দোলনরত শিক্ষক-শিক্ষার্থী কর্মকর্তা-কর্মচারী ঐক্য ফোরাম' গতকাল সোমবার রাতে অবরুদ্ধ দুই উপ-উপাচার্যকে অবরোধমুক্ত করে দিয়ে আবারও অবরুদ্ধ করেছে উপাচার্য অধ্যাপক আনোয়ার হোসেনকে। গতকাল সোমবার রাত ৯টার দিকে টানা ১২দিন অবরুদ্ধ থাকার পর উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক এমএ মতিন ও উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক আফসার আহমদকে অবরুদ্ধমুক্ত হন।

পরে আন্দোলনকারী শিক্ষকরা উপাচার্য অধ্যাপক আনোয়ার হোসেনের সঙ্গে সাক্ষাতের জন্য উপাচার্যের বাসভবনে যান। কিন্তু উপাচার্য পারিবারিকভাবে অসুস্থ থাকায় দেখা করতে অপারগতা প্রকাশ করেন বলে জানান আন্দোলনকারীরা। পরে রাত ১০টার দিকে উপাচার্যের বাসভবনে আন্দোলনকারী শিক্ষকরা অবস্থান নেন। এতে অধ্যাপক আনোয়ার হোসেন নিজ বাসভবনে অবরুদ্ধ হয়ে পড়েন।